## অধ্যায় ৮
## সামাজিক এবং রাষ্ট্রীয় সম্পদ

### অধ্যায়টি পড়ে জানতে পারব

- সম্পদের সংজ্ঞা
- রাষ্ট্রীয় ও সামাজিক সম্পদের পরিচয়
- রাষ্ট্রীয় ও সামাজিক সম্পদের প্রয়োজনীয়তা
- বিভিন্ন ধরনের সম্পদ সুরক্ষায় যত্নবান হওয়ার প্রয়োজনীয়তা

### অধ্যায়টির মূলভাব জেনে নিই

সুন্দরভাবে জীবনযাপনের জন্য আমরা অনেক কিছুই ব্যবহার করি। যেমন– ঘরবাড়ি, রাস্তাঘাট, যানবাহন, বিদ্যালয়, রেলসড়ক প্রভৃতি। এগুলো সবই সম্পদ। সম্পদ প্রধানত সামাজিক সম্পদ ও রাষ্ট্রীয় সম্পদ এই দুই ভাগে বিভক্ত। সামাজিক সম্পদের মধ্যে রয়েছে বিদ্যালয়, হাসপাতাল, উপাসনালয়, রাস্তা প্রভৃতি। দেশের ভূমি, সাগর ও নদ-নদীর পানি, বন প্রভৃতি রাষ্ট্রীয় সম্পদ। রাষ্ট্রীয় সম্পদ সরাসরি সরকার পরিচালনা করে। নিজেদের প্রয়োজনেই আমরা সব ধরনের সম্পদ সুরক্ষায় যত্নবান হব।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### অল্প কথায় উত্তর দাও :

**১. পার্ক এবং খেলার মাঠ কীভাবে সমাজে ভূমিকা রাখে?**

**উত্তর :** পার্ক ও খেলার মাঠে শিশুরা খেলাধুলা করে। অনেক এলাকার পার্কে পরিবারের সদস্যরা ঘুরে আনন্দ লাভ করে।

**২. সরকার আমাদের জন্য কী কী নির্মাণ করে?**

**উত্তর :** সরকার আমাদের জন্য বিদ্যালয়, হাসপাতাল, পার্ক ইত্যাদি নির্মাণ করেন।

**৩. সমাজে পানির দুইটি ব্যবহার উল্লেখ কর।**

**উত্তর :** সমাজে পানির দুইটি ব্যবহার হলো -

র. বাড়িতে রান্নার কাজে পানি ব্যবহার করা হয়

রর. মসজিদে ওযু ও অন্যান্য কাজের জন্য পানি ব্যবহার করা হয়।

**৪. দুইটি প্রাকৃতিক সম্পদের নাম লেখ।**

**উত্তর :** দুটি প্রাকৃতিক সম্পদ হলো গাছপালা ও পানি।

### প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. প্রাকৃতিক সম্পদ রক্ষায় আমরা কী কী করতে পারি?**

**উত্তর :** প্রাকৃতিক সম্পদ রক্ষায় প্রথমেই আমাদেরকে সচেতন হতে হবে। অপ্রয়োজনে গাছপালা কাটা যাবে না। নদী-নালা, খাল-বিল প্রভৃতি সংরক্ষণ করতে হবে। পানি ব্যবহারে অপচয় রোধ করতে হবে।

**২. রাস্তাঘাট ও সেতু মেরামত করা জরুরি কেন?**

**উত্তর :** যোগাযোগ ব্যবস্থাকে সচল রাখতে ও সহজ করতে রাস্তাঘাট ও সেতু মেরামত করা প্রয়োজন।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

### বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ:

| | |
|---|---|
| ক) প্রত্যেক শিশুরই | শিশুরা খেলাধুলা করে। |
| খ) গ্রাম ও শহরের বিদ্যালয়ে শিশুরা | সকলের দায়িত্ব। |
| গ) হাসপাতাল একটি | সামাজিক সম্পদ। |
| ঘ) শহরের পার্কে | পড়ালেখা শেখার সুযোগ পায়। |

| | |
|---|---|
| ঙ) সামাজিক সম্পদ রক্ষণাবেক্ষণ করা | শিক্ষার অধিকার আছে। |

**উত্তর :**

ক) প্রত্যেক শিশুরই **শিক্ষার অধিকার আছে।**

খ) গ্রাম ও শহরের বিদ্যালয়ে শিশুরা **পড়ালেখা শেখার সুযোগ পায়।**

গ) হাসপাতাল একটি **সামাজিক সম্পদ।**

ঘ) শহরের পার্কে **শিশুরা খেলাধুলা করে।**

ঙ) সামাজিক সম্পদ রক্ষণাবেক্ষণ করা **সকলের দায়িত্ব।**

❑ **শুদ্ধ/ অশুদ্ধ নির্ণয় কর:**

ক) সরকার আমাদের ব্যবহারের জন্য অনেক সম্পদ তৈরি করে।

খ) সরকার তার নিজের টাকা দিয়ে সম্পদ তৈরি ও রক্ষণাবেক্ষণ করে।

গ) আমাদের শহরগুলোতে আছে বড় কাঁচা রাস্তা।

ঘ) রেলগাড়িতে মালামাল আনা-নেওয়া করা সহজ।

ঙ) পদ্মা নদীর উপর একটি বড় সেতু নির্মিত হচ্ছে।

**উত্তর : ক)** 'শুদ্ধ' **খ)** 'অশুদ্ধ' **গ)** 'অশুদ্ধ' **ঘ)** 'শুদ্ধ' **ঙ)** 'শুদ্ধ'।

❑ **শূন্যস্থান পূরণ :**

ক) পানি, বন, প্রাকৃতিক গ্যাস প্রভৃতি রাষ্ট্রীয় সম্পদের উৎস ——।

খ) বৃষ্টি থেকে আমরা —— পানি পাই।

গ) বন বিভিন্ন প্রাণীকে —— দেয়।

ঘ) প্রাকৃতিক গ্যাস মাটির নিচ থেকে —— করা হয়।

ঙ) শিল্প উৎপাদনে আমরা —— ব্যবহার করি।

**উত্তর : ক)** প্রকৃতি **খ)** বিশুদ্ধ **গ)** নিরাপত্তা **ঘ)** উত্তোলন **ঙ)** বিদ্যুৎ।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### সামাজিক সম্পদ

➲ <u>সাধারণ</u>

**১. যা কিছু আমাদের প্রয়োজন মেটায় সেসবকে কী বলে?** ⓚ খ

ক) দ্রব্য খ) সম্পদ গ) জিনিস ঘ) সম্পত্তি

**২. সম্পদ কত প্রকার?** ক

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

**৩. নিচের কোনটি সামাজিক সম্পদ?** খ

ক) নদীর পানি খ) উপাসনালয় গ) বিদ্যুৎ ঘ) প্রাকৃতিক গ্যাস

**৪. শিক্ষা লাভ আমাদের কোন ধরনের অধিকার?** গ

ক) অর্থনৈতিক খ) রাজনৈতিক গ) সামাজিক ঘ) ধর্মীয়

**৫. হাসপাতালে রোগীর সেবাযত্ন করেন কে?** খ

ক) ডাক্তার খ) নার্স গ) আয়া ঘ) পরিচ্ছন্নতাকর্মী

**৬. খ্রিষ্টানরা কোন সামাজিক প্রতিষ্ঠানে প্রার্থনা করেন?** গ

ক) মসজিদে খ) মন্দিরে গ) গির্জায় ঘ) প্যাগোডায়

**৭. বৌদ্ধরা কোন সামাজিক প্রতিষ্ঠানে প্রার্থনা করেন?** ক

ক) প্যাগোডায় খ) গির্জায় গ) মসজিদে ঘ) মন্দিরে

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**শিখনফল:** সামাজিক সম্পদের প্রয়োজনীয়তা বুঝতে পারব।

**৮. মানুষ কেন বিদ্যালয় গড়ে তুলেছে?** গ

ক) সৌন্দর্যের জন্য খ) চাকরির জন্য গ) পড়ালেখা শেখার জন্য ঘ) বসবাস করার জন্য

**৯. মানুষ পার্কে যায় কেন?** ঘ

ক) শুয়ে থাকতে খ) পড়াশোনা করতে

(গ) গল্প করতে (ঘ) আনন্দ লাভ করতে

## রাষ্ট্রীয় সম্পদ

➲ সাধারণ

১০. **রেলপথ কোন ধরনের সম্পদ?** ঘ
(ক) ব্যক্তিগত (খ) সামাজিক
(গ) সমষ্টিগত (ঘ) রাষ্ট্রীয়

১১. **সরাসরি সরকার পরিচালিত সম্পদকে কী বলে?** খ
(ক) সামাজিক সম্পদ (খ) রাষ্ট্রীয় সম্পদ
(গ) আন্তর্জাতিক সম্পদ (ঘ) জনগণের সম্পদ

১২. **নিচের কোনটি রাষ্ট্রীয় সম্পদ?** ক
(ক) প্রাকৃতিক গ্যাস (খ) বিদ্যালয়
(গ) হাসপাতাল (ঘ) সাঁকো

১৩. **আমাদের গ্রামের রাস্তা কীরূপ?** ঘ
(ক) বড় পাকা রাস্তা (খ) বড় রাস্তা
(গ) ছোট রাস্তা (ঘ) কাঁচা রাস্তা

১৪. **কোন মাধ্যমে সহজে অনেক মালামাল আনা-নেওয়া করা যায়?** ঘ
(ক) বাস (খ) ট্রাক
(গ) লঞ্চ (ঘ) রেলগাড়ি

১৫. **গ্রামের সাঁকোগুলো কী দিয়ে তৈরি করা হয়?** ক
(ক) বাঁশ (খ) বেত
(গ) কাঠ (ঘ) ইট

১৬. **নিচের কোনটি বাংলাদেশের দীর্ঘ সেতু?** খ
(ক) মেঘনা সেতু (খ) বঙ্গাবন্ধু সেতু
(গ) পাকশী সেতু (ঘ) সুরমা সেতু

১৭. **কোন নদীর উপর একটি বড় সেতু নির্মিত হচ্ছে?** ক
(ক) পদ্মা (খ) মেঘনা
(গ) যমুনা (ঘ) বহ্মপুত্র

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** সম্পদের ব্যবহার সম্পর্কে জানব।

১৮. **সরকার কেন সড়ক বা রাস্তা তৈরি ও মেরামত করেন?** ক
(ক) সৌন্দর্য বৃদ্ধির জন্য
(খ) দলের কর্মসূচি বাস্তবায়নের জন্য
(গ) জনগণের চলাচলের সুবিধার জন্য
(ঘ) নিজেদের সুনাম বৃদ্ধির জন্য

**শিখনফল :** রাষ্ট্রীয় সম্পদের প্রয়োজনীয়তা বুঝতে পারব।

১৯. **আমাদের অনেক সেতু দরকার কেন?** ক
(ক) দ্রবত চলাচলের জন্য
(খ) অনেক নদী থাকার জন্য
(গ) আরামদায়ক ভ্রমণের জন্য
(ঘ) নদীর সৌন্দর্য বৃদ্ধির জন্য

## আরও কিছু রাষ্ট্রীয় সম্পদ

➲ সাধারণ

২০. **বিদ্যুৎ উৎপাদনে কোনটি ব্যবহৃত হয়?** গ
(ক) অক্সিজেন (খ) গাছ
(গ) প্রাকৃতিক গ্যাস (ঘ) খনিজ লবণ

২১. **প্রাকৃতিক পরিবেশ থেকে আমরা যা কিছু পাই সেগুলো কোন ধরনের সম্পদ?** ঘ
(ক) ব্যক্তিগত (খ) সামাজিক
(গ) রাষ্ট্রীয় (ঘ) প্রাকৃতিক

২২. **কৃষকেরা কোন কাজে পানি ব্যবহার করেন?** গ
(ক) রান্নার কাজে (খ) খাওয়ার কাজে
(গ) চাষাবাদের কাজে (ঘ) গোসলের কাজে

২৩. **শহরের বাসায়, অফিস-আদালতে এবং কারখানায় কোন উপায়ে পানি সরবরাহ করা হয়?** ক
(ক) পাইপলাইনের মাধ্যমে (খ) ট্যাংকে করে
(গ) ট্রাকে করে (ঘ) জারে করে

২৪. **শহরে বাসা-বাড়িতে রান্নার কাজে কোনটি ব্যবহার করা হয়?** ঘ
(ক) কাঠ (খ) কেরোসিন তেল
(গ) বিদ্যুৎ (ঘ) প্রাকৃতিক গ্যাস

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** প্রাকৃতিক সম্পদের প্রয়োজনীয়তা বুঝতে পারব।

২৫. **বন বিভিন্ন প্রাণীর জন্য ইতিবাচক কেন?** গ
(ক) ছায়া দেওয়ার জন্য (খ) ফলমূলের জন্য
(গ) নিরাপত্তার জন্য (ঘ) অক্সিজেন সরবরাহের জন্য

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**১. সম্পদ কত প্রকার ও কী কী?**

**উত্তর :** সম্পদ দুই প্রকার, যথা– ১) সামাজিক ও ২) রাষ্ট্রীয় সম্পদ।

**২. পাঁচটি সামাজিক সম্পদের নাম লেখ।**

**উত্তর :** পাঁচটি সামাজিক সম্পদ হলো– ১) বিদ্যালয়, ২) পাঠাগার, ৩) হাসপাতাল, ৪) উপাসনালয় ও ৫) রাস্তা।

**৩. পাঁচটি রাষ্ট্রীয় সম্পদের নাম লেখ।**

**উত্তর :** পাঁচটি রাষ্ট্রীয় সম্পদ হলো– ১) দেশের ভূমি; ২) সাগর ও নদ-নদীর পানি; ৩) বন; ৪) প্রাকৃতিক গ্যাস ও ৫) বিদ্যুৎ।

**৪. হাসপাতাল আমাদের কী কাজে লাগে?**

**উত্তর :** হাসপাতালে ডাক্তার ও নার্সদের মাধ্যমে আমরা স্বাস্থ্যসেবা পেয়ে থাকি।

**৫. সামাজিক সম্পদ কাকে বলে?**

**উত্তর :** সমাজজীবনের নানা রকম প্রয়োজন মেটানোর জন্য মানুষ যে সকল সম্পদ গড়ে তুলেছে সেগুলোকে সামাজিক সম্পদ বলে। যেমন– বিদ্যালয়, পাঠাগার, হাসপাতাল ইত্যাদি।

**৬. মানুষ কেন বিদ্যালয় গড়ে তুলেছে?**

**উত্তর :** পড়ালেখা শেখার জন্য মানুষ বিদ্যালয় গড়ে তুলেছে।

**৭. পার্কে কী থাকে?**

**উত্তর :** পার্কে নানা ধরনের গাছ ও ফুলের বাগান থাকে। অনেক পার্কে পুকুর অথবা লেক থাকে। আর থাকে আঁকাবাঁকা রাস্তা।

**৮. শিশুপার্ক কাকে বলে?**

**উত্তর :** শিশুদের আনন্দ লাভের জন্য যে সকল পার্ক গড়ে তোলা হয় সেগুলোকে শিশুপার্ক বলে।

**৯. রাষ্ট্রীয় সম্পদ কাকে বলে?**

**উত্তর :** যে সকল সম্পদ সরকার সরাসরি পরিচালনা করে সেগুলোকে রাষ্ট্রীয় সম্পদ বলে। যেমন– বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি।

**১০. আমরা কোন কোন উৎস থেকে পানি পাই?**

**উত্তর :** আমরা সাগর, নদ-নদী এবং বড় বড় হাওর–বাঁওড় ইত্যাদি থেকে পানি পাই।

**১১. বন আমাদের প্রয়োজন কেন?**

**উত্তর :** বনে অনেক রকম গাছ জন্মে। অনেক ধরনের পশু ও পাখি বাস করে। বনের গাছ ও পশুপাখি আমাদের নানা প্রয়োজন মেটায়। এসব কারণেই আমাদের বন প্রয়োজন।

**১২. আমরা রান্নার কাজে কোন গ্যাস ব্যবহার করি?**

**উত্তর :** আমরা রান্নার কাজে প্রাকৃতিক গ্যাস ব্যবহার করি।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ <u>সাধারণ</u>

**১. বিদ্যুৎ কোন ধরনের সম্পদ? আমরা কোন চারটি কাজে বিদ্যুৎ ব্যবহার করি?**

**উত্তর :** বিদ্যুৎ প্রাকৃতিক সম্পদ। আমরা যে চারটি কাজে বিদ্যুৎ ব্যবহার করি। যেমন–

র. আমরা ঘরবাড়ি, অফিস–আদালত, শিল্পকারখানায় বিদ্যুৎ ব্যবহার করি।

রর. পাখা, টেলিভিশন, রেডিও, কম্পিউটার ইত্যাদি চালাতে আমরা বিদ্যুৎ ব্যবহার করি।

ররর. শিল্পকারখানায় যন্ত্র চালাতে বিদ্যুৎ ব্যবহার করা হয়।

রা. কৃষিজমিতে সেচের জন্য আমরা বিদ্যুৎ ব্যবহার করি।

এছাড়াও আরও নানা কাজে আমরা বিদ্যুৎ ব্যবহার করে থাকি।

**২. সম্পদ কী? চারটি সামাজিক সম্পদের ব্যবহার লেখ।**

**উত্তর :** জীবনযাপনের জন্য যা কিছু আমাদের প্রয়োজন মেটায় সেসবই হচ্ছে সম্পদ।

চারটি সামাজিক সম্পদের ব্যবহার নিচে লেখা হলো :

**বিদ্যালয় :** গ্রাম ও শহরের বিভিন্ন বিদ্যালয়ে ছেলেমেয়েরা পড়ালেখা করার সুযোগ পায়।

**হাসপাতাল :** হাসপাতালে ডাক্তার ও নার্সদের মাধ্যমে আমরা স্বাস্থ্যসেবা পেয়ে থাকি।

**ধর্মীয় প্রতিষ্ঠান :** সমাজের বিভিন্ন ধর্মের মানুষ তাদের ধর্মীয় রীতিনীতি পালন করেন।

**পার্ক :** পার্কে পরিবারের সকলে ঘুরে আনন্দ লাভ করে।

**৩. রাষ্ট্রীয় সম্পদ কাকে বলে? ৩টি রাষ্ট্রীয় সম্পদের প্রয়োজনীয়তা লেখ। রাষ্ট্রীয় সম্পদ তৈরি ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব কার?**

**উত্তর :** যেসব সম্পদ সরকার আমাদের ব্যবহারের জন্য তৈরি করেন সেগুলোকে রাষ্ট্রীয় সম্পদ বলে।

৩টি রাষ্ট্রীয় সম্পদের প্রয়োজনীয়তা নিচে লেখা হলো :

**সড়ক :** আমাদের চলাচলের সুবিধার জন্য রাস্তা বা সড়ক ব্যবহার করি।


**রেলপথ :** অসংখ্য মানুষ রেলগাড়িতে যাতায়াত করেন।

**সেতু :** সহজ এবং দ্রুত যাতায়াতের জন্য বড় বড় নদীর উপর থাকা দীর্ঘ সেতুগুলো আমরা ব্যবহার করি।

রাষ্ট্রীয় সম্পদ তৈরি ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরকারের।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

৪.



**উপরের ছবিগুলো কিসের? এগুলোতে কী করা হয়? প্রত্যেকটি ছবির নাম লেখ।**

**উত্তর :** উপরের ছবিগুলো বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের। ধর্মীয় প্রতিষ্ঠানগুলো আমাদের সামাজিক সম্পদ। এ সকল প্রতিষ্ঠানে বিভিন্ন ধর্মের লোকেরা উপাসনা বা প্রার্থনা করেন। ১ নং ছবিটি মুসলমানদের ধর্মীয় প্রতিষ্ঠান মসজিদ। ২, ৩ ও ৪ নং ছবিতে রয়েছে যথাক্রমে মন্দির, প্যাগোডা এবং গির্জা, যেখানে হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টানরা উপাসনা করে থাকেন।

**৫. বিভিন্ন প্রকার সম্পদ রক্ষণাবেক্ষণে তোমার ৫টি পরামর্শ দাও।**

**উত্তর :** নিজেদের প্রয়োজনে আমরা সম্পদ ব্যবহার করি।

বিভিন্ন প্রকার সম্পদ রক্ষণাবেক্ষণে আমার ৫টি পরামর্শ নিচে দেওয়া হলো:

র. সব ধরনের সম্পদ ব্যবহারে আমাদেরকে যত্নবান হতে হবে।

রর. আমরা পানি, গ্যাস, বিদ্যুৎ ইত্যাদি প্রয়োজনমতো ব্যবহার করব।

ররর. কখনও সম্পদের অপচয় করব না।

রা. সড়ক, রেলপথ, অফিস, সেতু ইত্যাদি রাষ্ট্রীয় সম্পদের ক্ষতি না করে রক্ষণাবেক্ষণ করব।

া. রাষ্ট্রের বিভিন্ন প্রকার সম্পদের উন্নয়নে আমরাও অংশগ্রহণ করব।